

মুজিববর্ষের অঙ্গীকার,  
শোভন কর্মপরিবেশ  
হোক সবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
আইসিটি সেল  
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,  
বিজয়নগর, ঢাকা-১০০০.  
www.dife.gov.bd

**ডাইফ ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী**


সভাপতি : মোঃ এজাজ আহমেদ জাবের  
অতিরিক্ত মহাপরিদর্শক ও ইনোভেশন অফিসার  
সভার তারিখ : ২৯/০৪/২০২১  
সভার সময় : সকাল ১১.০০ টা  
স্থান : মিনি সভাকক্ষ, প্রধান কার্যালয়  
উপস্থিতি : (পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব, শ্রম পরিদর্শক (সাধারণ), অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রম ও অর্জনসমূহ সভায় তুলে ধরেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	আলোচ্যবিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর অগ্রগতি পর্যালোচনা	<p>১. সদস্য সচিব সভাকে চলমান উদ্ভাবনী উদ্যোগ “ডাইফ একসেবা মোবাইল এপ্লিকেশন” এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে অবহিত করেন। সেবাটি সঠিক সময়ে জাতীয় পর্যায়ে বাস্তবায়ন করা সম্ভব হবে বলে তিনি সভাকে অবহিত করেন।</p> <p>২. সদস্য সচিব অধিদপ্তরের বাস্তবায়নাধীন ডিজিটাল সেবা “ওয়ানক্লিক রিপোর্টিং সিস্টেম” এর অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। এই ওয়েব এপ্লিকেশনটি দিয়ে চলমান কোভিড-১৯ বিশেষ পরিদর্শন রিপোর্ট মাঠ পর্যায় হতে সংগ্রহ করা যায় বলে মতামত প্রদান করেন।</p> <p>৩. অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী সেবা সহজীকরণ উদ্যোগ “ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম” এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। সিস্টেমটির ডেভেলপার প্রতিষ্ঠানের সঙ্গে চলতি মাসে একাধিক বৈঠক হয়েছে বলে তিনি জানান এবং বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন সন্তোষজনক বলে তিনি মতামত দেন।</p> <p>৪. এ ছাড়াও “ওয়ানক্লিক রিপোর্টিং সিস্টেম”</p>	<p>১. “ডাইফ একসেবা মোবাইল এপ্লিকেশন” টি ১০ জুন ২০২১ তারিখের মধ্যে Google Playstore এ প্রদানের নিমিত্তে সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।</p> <p>২. মে, ২০২১ থেকে “ওয়ানক্লিক রিপোর্টিং সিস্টেম” দ্বারা কোভিড-১৯ বিশেষ পরিদর্শন রিপোর্ট সারা দেশ থেকে সংগ্রহ করতে হবে।</p> <p>৩. সেবা সহজীকরণ উদ্যোগ “ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম” এর অসম্পন্ন কাজ শীঘ্র সমাপ্ত করতে হবে। পরবর্তী সভায় এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করতে হবে।</p>	আইসিটি সেল, হিসাব উপশাখা, ইনোভেশন টিম

ক্রঃ নং	আলোচ্যবিষ য়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		এবং “ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম” এর লিংক অধিদপ্তরের তথ্য বাতায়নে প্রদান করা হয়েছে বলে সদস্য সচিব সভাকে অবহিত করেন।		
২.	বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা	<p>১. বিগত সভার ১ নং সিদ্ধান্ত অনুযায়ী অধিদপ্তরের ইনোভেশন টিম পুনর্গঠন করা হয়েছে বলে সভাকে সদস্য সচিব অবহিত করেন।</p> <p>২. বিগত সভার ২ নং সিদ্ধান্ত অনুযায়ী ইনোভেশন টিমের সদস্যগণ উদ্ভাবনী প্রকল্প সমূহের বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা এবং উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়ণগঞ্জ এ সরেজমিন পরিদর্শনে যান। এ সংক্রান্ত প্রতিবেদন সদস্য সচিব সভায় পেশ করেন।</p> <p>৩. চলমান ০৩ টি উদ্ভাবন প্রকল্প নিয়ে বই আকারে একটি প্রকাশনা তৈরির কাজ শুরু হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। প্রকাশনার জন্য লেখা আহ্বান করে অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তরে চিঠি পাঠানো হয়েছে বলে সদস্য সচিব জানান।</p>	০১. ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৯৫ ভাগের উপর রাখতে হবে বলে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	ইনোভেশন টিম

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




সাকির আনোয়ার  
শ্রম পরিদর্শক (সাধারণ)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.০৬.০০৯.১৭. ২০৬/২

তারিখ: ১৬ বৈশাখ ১৪২৮  
২৯ এপ্রিল ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ২। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপমহাপরিদর্শক, সেইফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। উপমহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সহকারী মহাপরিদর্শক (সাধারণ), প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



সাকির আনোয়ার  
শ্রম পরিদর্শক (সাধারণ)